

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়,
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
Email:- biswambharpur@uhfpo.dghs.gov.bd

স্মারক নং: উ:স্বা:কম:/বিশ্বম্ভর/২০২০/৩০০

তারিখ:- ২৮/০৪/২০২০ খ্রিঃ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কয়েকজন স্বাস্থ্যকর্মী কোভিড-১৯ রোগে আক্রান্ত হওয়ায় সর্বসাধারণের সার্বিক নিরাপত্তার জন্য উক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সকলের প্রবেশ ও বহির্গমন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিষিদ্ধ ঘোষণা করা হলো। এমতাবস্থায় উদ্ভূত পরিস্থিতিতে সর্বসাধারণকে জরুরী স্বাস্থ্য সেবার জন্য গোবিন্দনগর উপ-স্বাস্থ্য কেন্দ্র, পলাশ, বিশ্বম্ভরপুর অথবা টেলিফোনে জরুরী স্বাস্থ্য সেবার জন্য ডা. সাইম রেজা (মেডিকেল অফিসার), মোবাইল: ০১৭২২-৩৯১১৭২ ও আব্দুল্লাহ আল হাসান (উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার), মোবাইল: ০১৭২৬-৮৩৯১১১ এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো এবং ইপিআই কর্মসূচীর আওতায় সকল প্রকার টিকাদান কার্যক্রম পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ ঘোষণা করা হলো। কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধে সর্বসাধারণকে সামাজিক নিরাপদ দূরত্ব ও যথাযথ স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য বলা হলো।

এই আদেশ জনস্বার্থে জারী করা হলো।



ডা. চৌধুরী জালাল উদ্দিন মুর্শেদ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

ফোন: ০৮৭২২৫৬০২০

